

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী ‘ক’ তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলক্রটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অস্তর্ভুক্তি বাদ পড়িয়াছে;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী ফরিদপুর জেলার সালথা উপজেলার মৌজাভিত্তিক ‘ক-তফসিলভুক্ত’ অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার ‘ক-তফসিলের’ সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
উপসচিব।

(১৩৩৯)

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলা ৪ ফরিদপুর

উপজেলা ৪ সালথা

ক্রমিক নং	গেজেটে প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটের ভুলের বিবরণী ও সংশোধনী
১	২	৩	৪
১	২৪ এপ্রিল ২০১২	২৩৮১১ ২৩৮১২	৬৫ নং কাগদী মৌজা ৪ ২৩৮১১ নং পৃষ্ঠার ২৩ নং ক্রমিকের ৬ নং কলামের ৫১৫১ নং দাগের স্থলে ২১৫১ এবং ২৩৮১২ নং পৃষ্ঠার ২৬ নং ক্রমিকের ৩০৮৬ দাগের স্থলে ৩০৬৮ নং দাগ অন্তর্ভুক্ত হবে এবং ২৩৮১১ নং পৃষ্ঠার ২৩ নং ক্রমিকের ৮ নং কলামের ৬৭৯৫-২৭৯৪ নং দাগগুলি বাদ যাবে এবং এর স্থলে বাদ পড়া ৬৭৪৮, ৬৭৬৫, ৬৭৭৪, ৬৭৮৯, ৬৭৯১, ৬৭৯৪ দাগগুলি অন্তর্ভুক্ত হবে এবং ৭ নং কলামের ৪৩০১ দাগের স্থলে ৪৬০১ দাগ হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd